চুয়াডাঙ্গায় বাংলাদেশ স্কাউটস দিবস উপলক্ষে আলোচনা সভা ইফতার মাহফিল

স্কাউটিং করবো স্মার্ট বাংলাদেশ গড়বো এই প্রতিপাদ্য চুয়াডাঙ্গা পালিত হয়েছে বাংলাদেশ স্কাউটস দিবস। দিবসটি উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা রোভার ও চুয়াডাঙ্গা সরকারি কলেজের যৌথ আয়োজনে চুয়াডাঙ্গা সরকারি কলেজের এফএফ হলে আলোচনা সভা ইফতার মাহফিল ও স্কাউটস ওন অনুষ্ঠিত হয়।

গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ছয়টার সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজের এফএফ হলে রোভার মোহাম্মদ রেজওয়ান এর কোরআন তেলাওয়াতের মাধ্যমে আলোচনা সভা শুরু হয়।

চুয়াডাঙ্গা জেলা রোভারের সম্পাদক মোঃ জাহিদুল হাসান এর তত্ত্বাবধানে বাংলাদেশ স্কাউট দিবস উপলক্ষে আলোচনা সভা ইফতারি মাহফিল ও স্কাউটস ওন অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা রোভারের যুগ্মসাধারণ সম্পাদক ও নিগার সিদ্দিক ডিগ্রী কলেজের অধ্যক্ষ আবু নাসিরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস চুয়াডাঙ্গা জেলা রোভারের সহ-সভাপতি ও দর্শনা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর রেজাউল করিম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা রোভারের সাধারণ সম্পাদক জাহিদুল হাসান, চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক শফিকুল ইসলাম, কার্পাসডাঙ্গা ডিগ্রী কলেজের অধ্যক্ষ হামিদুল হক, চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান খন্দকার রোকনুজ্জামান, চুয়াডাঙ্গা পৌর ডিগ্রী কলেজের ইউনিট লিডার লিয়াকত আলী, চুয়াডাঙ্গা সরকারি কলেজ গার্ল ইন রোভার ইউনিটের ইউনিট লিডার মারুফা ইয়াসমিন, মেঘ রয়, শিউলী খাতুন সহ চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত রোভার বৃন্দ।

অনুষ্ঠানটি প্রাণবন্ত উপস্থাপনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের সিনিয়র রোভার মেট আল মুতাকাব্বির সাকিব।